# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 27-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) উত্তর-পূর্বাঞ্চলে শান্তি বজায় রাখার জন্য  কেন্দ্রীয় সরকার বিশেষ গুরুত্ব আরোপ করছে বলে লোকসভা ও রাজ্যসভার যৌথ বৈঠকে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর মন্তব্য/

(২) সর্বশিক্ষা অভিযানের আওতায় কর্মরত শিক্ষকদের জন্য ৩৫ হাজার নতুন পদে নিযুক্তির ব্যবস্থা সম্পর্কে রাজ্য ক্যাবিনেটের সিদ্ধান্ত/

(৩) রাজ্যের মাতৃভাষা মাধ্যমের বিদ্যালয়গুলির সার্বিক পরিবেশ উন্নত করার জন্য আসাম সরকারের চার হাজার কোটি টাকা ব্যয়সাপেক্ষে ৫০০ টি বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের লক্ষ্য নির্ধারণ/

এবং

(৪) করিমগঞ্জে কুশিয়ারা নদী এখনো বিপদসূচক চিহ্নের উপরে প্রবাহিত হওয়ায় জেলার বিভিন্ন স্থান এপর্যন্ত জলমগ্ন/ বন্যা প্লাবিত এবং ত্রাণ শিবির থাকা স্কুলগুলি আগামী শনিবার পর্যন্ত ছুটি/

---------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে উত্তরপূর্বাঞ্চলে শান্তি বজায় রাখার জন্য কেন্দ্রীয় সরকার বিশেষ গুরুত্ব আরোপ করছে এবং বিগত ১০ বছরে অঞ্চলটির বিভিন্ন সমস্যা সমাধান করা হয়েছে ।অঞ্চলটিতে শান্তি শৃঙ্খলা অব্যাহত রাখতে প্রতিরক্ষা বাহিনীর বিশেষ ক্ষমতা আইন পর্যায়ক্রমে বিভিন্ন স্থান থেকে প্রত্যাহার করা হচ্ছে বলে তিনি জানান।আজ সংসদের উভয় সভার যুগ্ম অধিবেশনে ভাষণ দিয়ে রাষ্ট্রপতি বলেন সদ্যসমাপ্ত লোকসভা নির্বাচনে জম্মু-কাশ্মীরে রেকর্ড সংখ্যক ভোটদাতা তাদের ভোটাধিকার সাব্যস্ত করে দেশের শত্রুদের যোগ্য প্রত্যুত্তর দিয়েছে । তিনি বলেন যে জনসাধারণ অনুধাবন করতে পেরেছে যে সরকার তাদের আশা আকাঙ্খা পূরণ করতে সক্ষম ।শ্রীমতি মুর্মু বলেন নতুন সরকার সংসদের পরবর্তি অধিবেশনে প্রথম সাধারণ বাজেট দাখিল করবে । সুদূরপ্রসারী নীতি ও ভবিষ্যৎ দৃষ্টিকোণ থেকে এই বাজেট প্রস্তুত করা হবে উল্লেখ করে দ্রুত এই বাজেটে বিভিন্ন সংশোধনী করা হবে বলে তিনি জানান ।রাষ্ট্রপতি বলেন যে বিগত দশ বছরে দেশ বিশ্বের একাদশ স্থান থেকে পঞ্চম বৃহৎ অর্থনীতির দেশ হিসেবে পরিগণিত হয়েছে এবং বিশ্বের তৃতীয় অর্থনীতির দেশ হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে প্রয়াস অব্যাহত রেখেছে । বিশ্বের বিভিন্ন প্রান্তে সংঘাত মহামারী সত্বেও ভারত উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে বলে তিনি মন্তব্য করেন ।শ্রীমতি মুর্মু বলেন জনসাধারণ যাতে বিভিন্ন প্রকল্পের সুফল লাভ করতে পারে সে বিষয়টি সুনিশ্চিত করার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে ।তিনি বলেন যে প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনার অধীনে গ্রামাঞ্চলকে সংযোগ করার জন্য ৩ লক্ষ ৮০ হাজার কিলোমিটার গ্রামীন সড়ক নির্মান করা হয়েছে । পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার বিষয় নিয়ে রাষ্ট্রপতি বলেন যে সরকার বিষয়টি নিয়ে তদন্ত অব্যাহত রেখেছে এবং প্রকৃত দোষিকে শাস্তি প্রদান করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।

---

এদিকে রাষ্ট্রপতির সংসদের উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণের প্রতিলিপি লোকসভায় দাখিল করা হয় ।এরপর অধ্যক্ষ ওম বিরলা বিরোধি দলনেতা হিসেবে কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীর নাম ঘোষণা করেন ।পরে দিনটির জন্য সভা স্থগিত রাখা হয় । অনুরূপভাবে রাজ্যসভায়ও রাষ্ট্রপতির ভাষণের

প্রতিলিপি দাখিল করা হয় ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যসভায় নতুন করে অন্তর্ভুক্ত কেন্দ্রীয় মন্ত্রীদের পরিচয় করান । পরে দিনটির জন্য সভা স্থগিত রাখা হয় ।

---------------------------------------------------------------------------

আসাম সরকার সর্বশিক্ষা অভিযানের অধীনে শিক্ষকদের স্বস্তি দেওয়ার লক্ষ্যে রাজ্যে ৩৫ হাজার নতুন শিক্ষক পদ সৃষ্টি করে বিশেষ নিযুক্তির ব্যবস্থা করেছে । এই পদসমূহের জন্যে কেবলমাত্র সর্বশিক্ষা অভিযানের আওতাধীন শিক্ষকরাই আবেদন করতে পারবেন । নলবাড়ীতে আজ অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সংবাদ মাধ্যমের কাছে একথা জানান । তিনি বলেন যে- এই সিদ্ধান্তের ফলে পূর্বের অনিয়মিত পদগুলি বিলুপ্ত হওয়ার পাশাপাশি নতুন পদে নিযুক্তি লাভ করা শিক্ষকরা সরকারী নিরিখ অনুযায়ী বেতন এবং বার্ষিক বেতন বৃদ্ধির সুযোগও লাভ করবে । সুপ্রীম কোর্টের উমা দেবী মামলার পরিপ্রেক্ষিতে আসাম মন্ত্রীসভার চাকরি নিয়মিত করার ক্ষমতা না থাকায় রাজ্যসরকার ক্যাবিনেট বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

এদিকে আজকের মন্ত্রীসভায় পরিবহণ ও যান-বাহন সংক্রান্ত দুটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । জরিমানা দেওয়ার নামে আর্থিকভাবে অনগ্রসর লোকেদের সমস্যার সম্মুখীন হওয়ার বিষয়ে প্রায়ই অভিযোগ উত্থাপিত হওয়ার প্রতি লক্ষ্য রেখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । সেই অনুসারে মোটর সাইকেলের আরোহীকে কেবলমাত্র হেলমেট না পড়লেই জরিমানা করা হবে । ট্রাফিক পুলিশ দ্বিচক্রযানের চালককে অন্যান্য নথিপত্রের বিষয়ে জরিমানা করতে পারবেন না । এদিকে অটো, রিক্সা সহ তিন চাকার বাহনের চালক বাহন চালানো বা পার্কিংয়ের ক্ষেত্রে আইন অমান্য করলে চারবার পর্যন্ত তাদের রেহাই দেওয়া হবে । তবে পঞ্চমবার করা ভুলের জন্য জরিমানা ধার্য করা হবে । এইক্ষেত্রে পরিবহণ বিভাগকে ১৫ দিনের মধ্যে নীতি-নির্দেশনা জারী করতে বলা হয়েছে । অন্যদিকে নলবাড়ীর ৩৪৭ জন ও বি বি শিক্ষককে মুখ্যমন্ত্রী আত্মনির্ভর আসাম প্রকল্পের আওতায় আগামী ৩০শে সেপ্টেম্বর দুই লক্ষ টাকা করে এককালীন আর্থিক সাহায্য প্রদান করা হবে । এছাড়া জেলার

চারটি ধর্মীর প্রতিষ্ঠান- বিলেশ্বর দেবালয়, বালিলেসা মন্দির, বাঘেশ্বরী মন্দির এবং হরি মন্দিরকে পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য তিনকোটি টাকা করে প্রদান করার বিষয়ে ক্যাবিনেটে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

-------------------------------------------------------------------------------

রাজ্যসরকার মাতৃভাষা মাধ্যমের বিদ্যালয় সমুহের সার্বিক পরিবেশ উন্নত করার জন্য ৫০০ টি বিদ্যালয়ের পরিকাঠামো নতুন করে নির্মাণ করার পদক্ষেপ গ্রহণ করেছে ।এই ৫০০ টি বিদ্যালয়ের পরিকাঠামো নতুন করে গড়ে তোলার জন্য রাজ্য সরকার ৪ হাজার কোটি টাকারও বেশী অর্থ ব্যয় করবে ।এই পদক্ষেপের অংশ হিসেবে চাংসারি আদর্শ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং চাংসারি বালিকা বিদ্যালয়ের নির্মাণকাজ দ্রুতগতিতে চলছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ দুটি বিদ্যালয়ের নির্মান কার্যের অগ্রগতি খতিয়ে দেখেন ও যাবতীয় পরামর্শ দেন ।

-------------------------------------------------------------------------------

রাজ্যের বন্যা পরিস্থিতির আগের তুলনায় উন্নতি হলেও ১১ টি জেলার ৪৮৭ টি গ্রামের বিভিন্ন অঞ্চল এখনো বন্যার কবলে রয়েছে । এবারের বন্যায় এক লক্ষ ৩০ হাজারেরও বেশি লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । প্রশাসনের তৈরী করা ১০৯টি আশ্রয় শিবিরে দশ হাজারেরও বেশি লোক আশ্রয় নিয়ে রয়েছেন । এদিকে বরাক উপত্যকার কুশিয়ারা নদীর জল এখনো বিপদসীমার উপরে প্রবাহিত হচ্ছে । বন্যার জন্য করিমগঞ্জ জেলার বহুলোক এখনো গৃহবন্দী হয়ে রয়েছেন । জেলার তিনশতাধিক বিদ্যালয়ের পাঠদানও বন্যার জন্যে বাধাপ্রাপ্ত হচ্ছে ।

-------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার যে সমস্ত স্কুলে ত্রাণ শিবির রয়েছে এবং যেসমস্ত শিক্ষাপ্রতিষ্ঠান বন্যা প্লাবিত রয়েছে তা আগামী ২৯শে জুন পর্য্যন্ত বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে যে জেলার ৯৩টি স্কুলে ত্রান শিবির রয়েছে এবং ২৭০টি স্কুল বন্যার জলে প্লাবিত রয়েছে । তবে জেলার বাকী সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে

যথারীতি পাঠদান চলবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । পুনরাদেশ না দেওয়া পর্য্যন্ত এই নির্দেশ বহাল থাকবে ।

---------------------------------------------------------------------

কেন্দ্রীয় অনুসন্ধানকারী সংস্থা- সি বি আই, চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমের প্রবেশ পরীক্ষা- নীট'এ হওয়া অনিয়মের অভিযোগে দুজনকে গ্রেপ্তার করেছে । সরকারী সূত্রে প্রকাশ করা হয়েছে যে- বিহারের পাটনা থেকে অভিযুক্ত দুজনকে গ্রেপ্তার করা হয়েছে । উল্লেখ্য- সি বি আই এই পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হওয়া সংক্রান্ত মামলার তদন্তের দায়িত্ব গ্রহণ করার পর বিহার পুলিশের অর্থনৈতিক অপরাধ দমন শাখার সঙ্গে সাক্ষাৎ করে সম্প্রতি তদন্ত আরম্ভ করেছে ।

---------------------------------------------------------------------

রাজ্য সরকার ২ লক্ষেরও কম বার্ষিক আয় থাকা পরিবারের ছাত্রছাত্রীদের কলেজের ভর্তি মাশুল বহন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।এই ব্যবস্থা রূপায়ন করার জন্য অনুমানিক ১৫০ কোটি টাকা ব্যয় করা হবে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এ কথা জানিয়ে বলেন যে আগামী জুলাই মাসে সংশ্লিষ্ট কলেজগুলোতে এই অর্থ প্রেরণ করা হবে ।এই ক্ষেত্রে কোন শিক্ষার্থী সমস্যার সম্মুখীন হলে জেলা আয়ুক্ত অথবা শিক্ষা বিভাগের সঙ্গে যোগাযোগ করতে পারবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা ক্রীড়া আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জেলার স্থায়ী বাসিন্দা ক্রীড়া ব্যাক্তিত্ব যারা অলিম্পিক গেমস , কমনওয়েলথ গেমস , অলিম্পিক অনুমোদিত ক্রীড়া ক্ষেত্রে বিশ্ব চ্যাম্পিয়ান ও জাতীয় ক্রীড়ায় মেডেল বিজয়ী , তাদেরকে এককালীন ও নিয়মিত ক্রিড়া পেনশন প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করেছেন । ক্রীড়া আধিকারীকের পক্ষ থেকে জানানো হয়েছে যে যারা ইতিমধ্যে ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ সালে ক্রীড়া পেনশনের জন্য নির্বাচিত হয়েছেন , তাদেরকে আর আবেদন করতে হবে না । আগামী ১০ই জুলাই-র মধ্যে জেলা ক্রীড়া আধিকারীকের কার্য্যলয়ে দরখাস্ত জমা দিতে হবে । বিশদ বিবরন জেলা ক্রীড়া আধিকারিকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---

তেল ও প্রাকৃতিক গ্যাস নিগমের আসাম আরাকান এস্কপ্লোরেটরি বেল্ট শিলচরের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলার গ্রাম উন্নয়ন সমাজসেবা সংগঠনের সহযোগীতায় গতকাল মোহনপুর বর্ণিব্রীজে চক্ষু পরিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে প্রায় দেড়শ জন রোগীর চোখ পরীক্ষা করা হয় ।

এদিকে শিলচরের চৌধুরী চক্ষু হাসপাতালের উদ্যোগে আগামী ৩০শে জুন লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের পয়লাপুল কন্ঠগ্রামে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

ডিমা হাসাও জেলা সড়ক সুরক্ষা সমিতির এক সভা গতকাল হাফলং-এ জেলা আয়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার সড়ক দূর্ঘটনার তথ্য , স্পিড ব্রেকার ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলার পুলিশ সুপার , পরিবহন বিভাগের শীর্ষ আধিকারীকরা অংশগ্রহন করেন ।

---